

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৫৬

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৬: ব্যবহৃত পানি দ্বারা ওয় করা

بَابُ الْوُضُوءِ بِالْمَاءِ الْمُسْتَعْمَل

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ وَأَبُو زَيْدِ سَعِيدُ بْنُ الرَّبِيعِ قَالَا حَدَّثَنَا شُعْبَةُ عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِر قَالَ سَمِعْتُ جَابِرًا يَقُولُ جَاءَنِي النَّبِيُّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَعُودُنِي وَأَنَا مَريضٌ لَا أَعْقِلُ فَتَوَضَّا وَصَبَّ مِنْ وَضُوبِهِ عَلَىَّ فَعَقَلْتُ

إسناده صحيح

বাংলা

৭৫৬. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: আমি অসুস্থ ছিলাম, আমার কোনো জ্ঞান ছিল না, (এমতাবস্থায়) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে দেখতে আসলেন। এরপর তিনি ওযু করলেন এবং ওযুর (অবশিষ্ট) পানি আমার উপর ছিটিয়ে দিলেন। ফলে আমি জ্ঞান ফিরে পেলাম।'[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী ১৯৪; সহীহ মুসলিম ১৬১৬; আর আমরা এর পূর্ণাঙ্গ তাখরীজ করেছি মুসনাদূল মাউসিলী নং ২০১৮ ও সহীহ ইবনু হিব্বান ১২৬৬; মুসনাদুল হুমাইদী নং ১২৬৪ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন